

ঢাকা ওয়াসা

Name of the Work: Repair and maintenance of boundary wall of Pagla Staff Quarters Compound from Ch.0+311 km to 0+365km at Store Division compound, Dhaka WASA

অনুচ্ছেদ ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার পাগলা স্টাফ কোয়ার্টার্সটির রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজের দায়িত্ব ভান্ডার বিভাগের উপর ন্যস্ত রয়েছে। উক্ত স্টাফ কোয়ার্টার্সে মোট দশটি আবাসিক ভবন ও একটি মসজিদ রয়েছে। তন্মধ্যে প্রতি ফ্লোরে এক ইউনিটের তিন তলা বিশিষ্ট ছয়টি এবং দুই ইউনিটের চার তলা বিশিষ্ট চারটি ভবনের সর্বমোট পঞ্চাশটি ফ্লট রয়েছে। উক্ত কোয়ার্টার্স সমূহ ভান্ডার বিভাগ, পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ ও ঢাকা ওয়াসার অন্যান্য বিভাগে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বসবাসের জন্য কোয়ার্টার্সগুলো খুবই গুরুত্বপূর্ণ। উক্ত স্টাফ কোয়ার্টার্স-এর সীমানা দেয়াল টপকিয়ে বিভিন্ন সময়ে চোর প্রবেশ করার প্রবণতা লক্ষ্য করা গেছে। তাছাড়া সীমানা প্রাচীরের বিভিন্ন অংশে প্লাস্টার ও রং ক্ষয় হয়ে গেছে এবং কাঁটাতারের বেড়া নষ্ট হয়ে গেছে। তাই স্টাফ কোয়ার্টারের বসবাসকারীদের ও ভান্ডার বিভাগের নিরাপত্তার স্বার্থে উক্ত সীমানা প্রাচীরের প্রয়োজনীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১

উপরোক্ত বর্ণনার আলোকে “Repair and maintenance of boundary wall of Pagla Staff Quarters Compound from Ch.0+311 km to 0+365km at Store Division compound, Dhaka WASA” কাজটি করার জন্য পিডব্লিউডি-২০২২ (রিভাইজড) ও পূর্বানুমোদিত (সংযুক্তি-৩) দরের ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৫) প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৪,৯৯,৪০০.০০ (চার লক্ষ নিরানব্বই হাজার চার শত) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৩৪, প্যাকেজ-বি.১৯.১৪ এ (সংযুক্তি-১) অন্তর্ভুক্ত আছে। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের “বাউন্ডারি ওয়াল রক্ষণাবেক্ষণ” খাত (কোড: ০১-০৪-০০৫) হতে নির্বাহ করা হবে।

অনুচ্ছেদ ১.২

আলোচ্য কাজটি অতীব জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৬৩ নং বিধি ১(খ) মোতাবেক Limited Tendering Method (LTM) প্রক্রিয়ায় দরপত্র আহবান করা হবে এবং STD Form PW-2b অনুসরণে দরপত্র দলিল তৈরি করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, Store Division, Dhaka WASA কে রাখা হবে। কাজটির দরপত্র আহ্বান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন ও বাস্তবায়নসহ যাবতীয় কাজ Executive Engineer, Store Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। আলোচ্য কাজটি বাস্তবায়ন শেষে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এস.এম.ডব্লিউ.সি. সার্কেল এবং টার্মফোর্স টিম-৩ এর প্রত্যয়ন সাপেক্ষে চূড়ান্ত করা হবে।

সংযুক্তি-১	ভান্ডার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
সংযুক্তি-২	খসড়া নকশা।
সংযুক্তি-৩	পূর্বানুমোদিত দর।
সংযুক্তি-৪	ক্যালকুলেশন শীট।
সংযুক্তি-৫	প্রাক্কলন।
সংযুক্তি-৬	প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.৩

এমতাবস্থায়, “Repair and maintenance of boundary wall of Pagla Staff Quarters Compound from Ch.0+311 km to 0+365km at Store Division compound, Dhaka WASA” শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৬৩ নং বিধি ১(খ) মোতাবেক Limited Tendering Method (LTM) প্রক্রিয়ায় সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ৪,৯৯,৪০০.০০ (চার লক্ষ নিরানব্বই হাজার চার শত) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

12/05/25

PAUL SARKER
Assistant Engineer
Store Division, Dhaka WASA

মোঃ হুরোয়ার হোসেন খান
নির্বাহী প্রকৌশলী
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা

মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।